19 FEB

# শিক্ষার নামে বাণিজ্য

শিক্ষার নামে অবৈধ নিয়ম-নীতি বহির্ভূত মেডিকেল টেকনোলজি কোর্স চালু করেছে বাংলাদেশ কারিগরি শিক্ষাবোর্ড। স্বাস্থ্যসেবার মতো স্পর্শকাতর বিষয়ে অবৈধ সার্টিফিকেট প্রদান এবং অবৈধ মেডিকেল টেকনোলজিস্ট তৈরি স্বাস্থ্যখাতকে হুমকির মুখে ফেলেছে। কোনো সরকারি পলিটেকনিক ইনস্টিটিউটে মেডিকেল টেকনোলজি কোর্স চালু নেই। একমাত্র আইএইচটি (ইনস্টিটিউট অব হেলথ টেকনোলজি) ছাড়া। কিন্তু কারিগরি শিক্ষাবোর্ড সেই কোর্সকে কিছু প্রাইভেট প্রতিষ্ঠানে অবৈধভাবে পরিচালনা করে ব্যবসা করে যাচ্ছে। সবকিছুর একটা নির্দিষ্ট নিয়ম-নীতি রয়েছে। যেমন ডাক্তারদের ... কলেজ, নার্সদের জন্য নার্সিং ইনস্টিটিউট, ডিপ্লোমা ইঞ্জিনিয়ারদের জন্য পলিটেকনিক ইনস্টিটিউট, ঠিক তেমনি মেডিকেল টেকনোলজিস্টদের জন্য রয়েছে হেলথ টেকনোলজি ইনস্টিটিউট। কারিগরি শিক্ষাবোর্ড কোনোভাবেই নিয়ম-নীতির ঊর্ধ্বে কিছু প্রাইভেট প্রতিষ্ঠানে মেডিকেল টেকনোলজি কোর্স পরিচালনা করতে পারে না। এটা পুরোপুরি অবৈধ। এ ব্যাপারে দ্রুত পদক্ষেপ নেওয়ার জন্য স্বাস্থ্য মন্ত্রণালয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**এ এস শ্রাবণ**

বঙ্গবন্ধু মেডিকেল টেকনোলজিস্ট পরিষদ, চট্টগ্রাম